দৈনিক বাংলা

তারিখ ... 28।11।79 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

011

### জিয়ার ডাকে যুবকদের কঠোর পরিশ্রমের শপথ

# সারাদেশে খাল কাটার শতাধিক স্কীম এপর্যন্ত তালিকাভুক্ত

জাতীয় যুব সংস্থার সদস্যরা গতকাল দেশব্যাপী খাল খনন কর্মসূচীর জন্য কাজ এবং এ কাজের জন্য সারা দেশে যুবকদের সংগঠিত করার শপথ নিয়েছেন।

বাসসের খবরে বলা হয়, গতকাল বিকেলে শেরে বাংলা নগরে অনুষ্ঠিত এক সভায় প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আহ্বানে তারা এ শপথ নেন।

জাতীয় যুব সংস্থার উদ্দেশ্যে ভাষণ দানকালে প্রেসিডেন্ট জিয়া এ কর্মসূচী সফল করার জন্য যুব প্রতিনিধিদের কঠোর পরিশ্রম ও নিষ্ঠা সহকারে কাজ করতে বলেন। তিনি বলেন, আমাদের জাতীয় উন্নয়ন বিশেষ করে দেশকে খাদ্যে স্বনির্ভর করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রেসিডেন্ট জিয়া বলেন, এ পর্যন্ত সারা দেশে ১০০টিরও বেশী খাল খননের তালিকা করা হয়েছে। যথাসময়ে এ খালের কাজ শেষ হলে দেশে পর্যাপ্ত পরিমাণ খাদ্যশস্য উৎপন্ন হবে। এ ফসল নিশ্চিতই পাওয়া যাবে কারণ এ মওসুমে কোন প্রাকৃতিক বিপর্যয় ঘটবে না।

আগামী মাসের প্রথম সপ্তাহ থেকে খাল খনন কর্মসূচীর উল্লেখ করে প্রেসিডেন্ট জিয়া বলেন, সর্বস্তরের লোককেই এ কর্মসূচীতে অংশগ্রহণ এবং একে সফল করার জন্য কঠোর পরিশ্রম করতে হবে। যারা এ থেকে বিচ্ছিন্ন থাকবে তারা জনগণের কাছে নিন্দিত হবে বলে তিনি জানান।

সারা দেশে খাল খননে সরকারের উদ্দেশ্য ব্যাখ্যা প্রসঙ্গে তিনি বলেন, স্বল্পতম সময়ে দেশে দ্বিগুণ খাদ্য উৎপাদনের লক্ষ্য হাসিলে এসব খাল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সারা দেশের যুব সম্প্রদায়কে সংগঠিত এবং এ গুরুত্বপূর্ণ কর্মসূচীতে ব্যক্তিগত উদ্যোগ নিতে তিনি যুব প্রতিনিধিদের পরামর্শ দেন।

এ অনুষ্ঠানে যুব প্রতিমন্ত্রী জনাব আবুল কাসেমও উপস্থিত ছিলেন।